



বাংলাদেশ নির্বাচন কমিশন
সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়
ময়মনসিংহ
www.ecs.gov.bd

নং- ১৭.০৯.৬১০০.০০০.৩৮.০০২.২০-৪৯১

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
৩১ মে ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ পৌরসভা সাধারণ নির্বাচন/২০২০-২০২১ উপলক্ষ্যে প্রার্থীদের প্রদত্ত জামানত অবমুক্তকরণের নিমিত্ত ক্ষমতা প্রদান

উপর্যুক্ত বিষয়ে ময়মনসিংহ জেলাধীন সংশ্লিষ্ট ০৫জন উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারকে এতদ্বারা পৌরসভা সাধারণ নির্বাচন ২০২০-২০২১ উপলক্ষ্যে প্রার্থীগণ প্রদত্ত জামানত সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক নিম্নবর্ণিত শর্তে প্রার্থীর জামানত আবেদন সাপেক্ষে অবমুক্তকরণের জন্য ক্ষমতা প্রদান করা হলোঃ

শর্তাবলিঃ

- ১। স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ অনুসরণ করে জামানত অবমুক্ত করতে হবে;
- ২। প্রাপ্ত ভোট এক-অষ্টমাংশের কম হলে তা বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- ৩। রেজিস্টার সংরক্ষণ করতঃ কর্তৃপক্ষের পরিদর্শনের জন্য প্রস্তুত রাখতে হবে;
- ৪। অবমুক্তকরণের সময় প্রার্থীর স্বাক্ষর ও আবেদন সংগ্রহপূর্বক বিতরণ করতে হবে; এবং
- ৫। প্রযোজ্য ক্ষেত্রে নির্বাচন কমিশন সচিবালয় জারীকৃত প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করে জামানত অবমুক্ত করতে হবে।

- ২। জামানত ফেরত সংক্রান্ত সকল কার্যক্রমের পৃথক নথি তৈরিপূর্বক অত্র অফিসকে অবহিত রাখতে হবে।

(দেওয়ান মোঃ সারওয়ার জাহান)
সিনিয়র জেলা নির্বাচন অফিসার, ময়মনসিংহ

ও
রিটার্নিং অফিসার

ফোন - ০৯১-৬৪৩৭০(অফিস)
e-mail: sdeomymen@gmail.com

✓ উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার
গফরগাঁও/মুজাগাছা/ঈশ্বরগঞ্জ/ফুলপুর/নান্দাইল, ময়মনসিংহ

অনুলিপি বিতরণঃ

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
- ২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
- ৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ
- ৪। নির্বাচন কর্মকর্তা, সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ
- ৫। অফিস কপি